অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/28/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আমাদের সন্তানদের অনলাইন নিরাপত্তা সুরক্ষিত রাখতে এবং যুব মানসিক স্বাস্থ্য বিষয়ক রিসোর্স জোরদার করতে 2027 অর্থবছরের বাজেটের অংশ হিসেবে বিনিয়োগ নিশ্চিত করেছেন

অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহারকারী শিশুদের শিকারী, প্রতারক ও বিপজ্জনক AI চ্যাটবট থেকে রক্ষা করার জন্য গভর্নরের অঙ্গীকারের ওপর ভিত্তি করে এটি তৈরি

দশম গ্রেডের সকল শিক্ষার্থীর জন্য টিন মেন্টাল হেলথ ফার্স্ট এইড ট্রেনিং উপলভ্য করার মাধ্যমে দেশকে নেতৃত্ব প্রদান

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ 2027 অর্থবছরের অনুমোদিত বাজেটের অংশ হিসেবে নিউ ইয়র্ক (New York)-এর শিশুদের অনলাইনে নিরাপদ রাখতে এবং স্টেটের যুব মানসিক স্বাস্থ্য সংকট মোকাবেলায় যুগান্তকারী বিনিয়োগের ঘোষণা দিয়েছেন। এই উদ্যোগগুলোর মধ্যে রয়েছে অনলাইন বিপদ থেকে শিশুদের সুরক্ষা জোরদার করা এবং টিন মেন্টাল হেলথ ফার্স্ট এইড ট্রেনিংয়ের মতো একটি কার্যক্রম প্রথম-বার স্টেট ব্যাপী সম্প্রসারণ বাস্তবায়ন করা। বাজেটটি স্কুলে স্মার্টফোন নিষিদ্ধ করা, আসক্তি তৈরি করে এমন ফিড সীমিত করা, সামাজিক যোগাযোগ মাধ্যমে সতর্কীকরণ লেবেল যুক্ত করা এবং ক্ষতিকারক AI সঙ্গীদের বিরুদ্ধে সুরক্ষাকবচ তৈরি করার ক্ষেত্রে বাজেটটি গভর্নরের দেশ পরিচালনায় নেতৃত্বদানকারী কাজের ওপর ভিত্তি করে তৈরি হবে। নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতাকে শক্তিশালী করার লক্ষ্যে গভর্নর Hochul (হোকল)-এর ব্যাপক কর্মসূচির মধ্যে আরো রয়েছে—স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক, কমিউনিটি-ভিত্তিক চিকিৎসা ব্যবস্থা এবং যুব ও প্রাপ্তবয়স্কদের জন্য সমবয়সী-ভিত্তিক সহায়তা কার্যক্রমের বাস্তবায়ন।

"নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে, আমি আমাদের সন্তানদের প্রতিদিনের অভূতপূর্ব চ্যালেঞ্জ এবং অনলাইন বিপদের বিষয়টি গভীরভাবে উপলব্ধি করি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "অনলাইন সুরক্ষা জোরদার করতে এবং যুব মানসিক স্বাস্থ্য বিষয়ক রিসোর্সগুলোকে আরো শক্তিশালী করতে এই বাজেটে ঐতিহাসিক পদক্ষেপ নেওয়া হচ্ছে। এই উদ্যোগগুলোর মাধ্যমে, নিউ ইয়র্ক পিতামাতা এবং সন্তানদের অনলাইন ও অফলাইন—উভয় ক্ষেত্রেই তাদের মুখোমুখি হওয়া অনন্য চ্যালেঞ্জগুলো আরো কার্যকরভাবে মোকাবেলা করার সক্ষমতা নিশ্চিত করছে।"

অনলাইন প্ল্যাটফর্মে শিশুদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা

অসংখ্য মামলা এবং তদন্তে অভিযোগ করা হয়েছে যে, অনলাইন প্ল্যাটফর্মগুলো তাদের ব্যবহারকারী শিশুদের সুরক্ষায় যথাযথ পদক্ষেপ গ্রহণ করেনি। এই অনলাইন প্ল্যাটফর্মগুলো প্রাপ্তবয়স্কদেরকে শিশুদের সাথে এমনভাবে যোগাযোগের সুযোগ করে দেয় যা শিশুদের গ্রুমিং, শিশু নির্যাতন এবং নানা ঝুঁকির সম্মুখীন হওয়ার পাশাপাশি শিকারীসুলভ আচরণের লক্ষ্যবস্তুতে পরিণত হওয়ার পথ তৈরি করে।

সোশ্যাল মিডিয়া এবং গেমিং প্ল্যাটফর্মের মতো অনলাইন প্ল্যাটফর্মগুলোতে নতুন হুমকি থেকে শিশুদের নিরাপদ রাখতে গভর্নরের আইনটিতে যা যা অন্তর্ভুক্ত থাকবে:

- **ডিফল্টভাবে গোপনীয়তা:** আওতাভুক্ত প্ল্যাটফর্মগুলোতে শিশুদের অ্যাকাউন্ট ডিফল্টভাবে সর্বোচ্চ প্রাইভেসি সেটিংসে সেট করা থাকবে, এর মানে হলো, 18 বছরের বেশি বয়সী কোনো অপরিচিত ব্যক্তি যাদের সাথে কানেকশন নেই তারা শিশুদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে, তাদের সম্পূর্ণ প্রোফাইল দেখতে বা কোনো কন্টেন্টে তাদের ট্যাগ করতে পারবেন না। লোকেশন সেটিংসও ডিফল্টভাবে বন্ধ থাকবে এবং 13 বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে নতুন কারও সাথে যুক্ত হওয়ার জন্য অবশ্যই অভিভাবকের অনুমতি নিতে হবে।
- **এআই চ্যাটবট ফিচার নিষ্ক্রিয় করা:** শিশুদের জন্য অনলাইন প্ল্যাটফর্মগুলোতে নির্দিষ্ট AI চ্যাটবট ফিচারগুলো নিষ্ক্রিয় করা।
- **অভিভাবকীয় নিয়ন্ত্রণ:** অনলাইন গেমিং প্ল্যাটফর্মগুলোতে শিশুদের আর্থিক লেনদেনের ওপর অভিভাবকদের সীমা নির্ধারণ করার এবং তাদের সন্তানের লেনদেনের ইতিহাস দেখার সুযোগ থাকতে হবে।

স্টেট সিনেটর Andrew Gounardes (অ্যান্ড্রু গুনার্দিস) বলেন, "দীর্ঘদিন ধরে বিগ টেক কোম্পানিগুলো চোখ বন্ধ করে রেখেছিল, আর এই সুযোগে সোশ্যাল মিডিয়া এবং গেমিং প্ল্যাটফর্মগুলো শিশু শোষণ ও নির্যাতনের আখড়ায় পরিণত হয়েছে। আসল সত্যটি হলো, তারা শিশুদের সুরক্ষার চেয়ে নিজেদের লাভের কথাই বেশি ভেবেছে। যেহেতু তারা কোনো পদক্ষেপ নেয়নি, তাই আমরা নিয়েছি। গেমিং ও সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলোকে এখন থেকে যথাযথ প্রাইভেসি প্রোটেকশন এবং কার্যকর সুরক্ষাব্যবস্থা চালু করতে হবে, যাতে তাদের প্ল্যাটফর্মগুলো শিশুদের ফাঁদে ফেলার সহজ মাধ্যম না হয়ে ওঠে। সন্তানেরা যখন অনলাইনে বন্ধুদের সাথে ভিডিও গেম খেলে, তখন তারা কোনো অপরাধীর লক্ষ্যবস্তু হচ্ছে কি না—তা নিয়ে পিতামাতাকে দুশ্চিন্তা করতে হবে না। ছোট ছোট সন্তানের পিতা হিসেবে আমি জানি, এখানে ঝুঁকির মাত্রা কতটা বেশি। আজ, আমরা সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি নিরাপদ, উন্নত ইন্টারনেট ব্যবস্থা গড়ে তোলার দিকে এক ধাপ এগিয়ে যাচ্ছি। আমি গভর্নর Hochul (হোকল)-কে তার নেতৃত্ব এবং তার বাজেটে এটি অন্তর্ভুক্ত করার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

স্টেট সিনেটর Samra Brouk (সামরা ব্রুক) বলেন, "সিনেট মেন্টাল হেলথ কমিটির চেয়ারপারসন হিসেবে, আমি স্বীকার করি যে নিউ ইয়র্ক স্টেটে তরুণদের মানসিক স্বাস্থ্য এখনও একটি সংকটজনক অবস্থায় রয়েছে। তরুণ প্রজন্মের সুরক্ষায় বিনিয়োগ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-এর প্রশংসা করি, তিনি তাদের ক্ষতিকারক অনলাইন প্ল্যাটফর্ম থেকে

রক্ষা করছেন, সোশ্যাল মিডিয়ায় নিরাপদ রাখছেন এবং হাজার হাজার কিশোর-কিশোরীকে মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তির চ্যালেঞ্জ সম্পর্কে সচেতন করতে মানসিক স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণের পরিধি বাড়াচ্ছেন, যাতে তারা নিজেদের এবং তাদের সহপাঠীদের পাশে দাঁড়াতে পারে।"

স্টেট সিনেটর Kristen Gonzalez (ক্রিস্টেন গঞ্জালেজ) বলেন, "নিউ ইয়র্কের তরুণ প্রজন্মের নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাতে চাই। অ্যালবানিতে অনুষ্ঠিত এই বছরের AI উইক-এর সময়, আমরা অ্যাডভোকেট, কর্মীদের একত্রিত করেছিলাম এবং চ্যাটবটের কারণে Maria Raine (মারিয়া রেইন)-এর পরিবারের মর্মান্তিক অভিজ্ঞতার কথা তুলে ধরে তাদের স্বীকৃতি দিয়েছিলাম—যা একটি নিরাপদ ডিজিটাল ভবিষ্যতের লড়াইয়ের পেছনে ক্রমবর্ধমান আন্দোলনেরই একটি অংশ। এই বিনিয়োগগুলো ক্ষতিকারক আসক্তি সৃষ্টিকারী অ্যালগরিদম, বিপজ্জনক AI সিস্টেম এবং প্রায়শই শিশুদের কল্যাণের চেয়ে মুনাফাকে এগিয়ে রাখা অনলাইন প্ল্যাটফর্মগুলোর বিরুদ্ধে নিউ ইয়র্কের জাতীয় নেতৃত্বকে আরো শক্তিশালী করে। শক্তিশালী অনলাইন সুরক্ষার পাশাপাশি তরুণদের জন্য মানসিক স্বাস্থ্য সহায়তার পরিধি বাড়ানোর মাধ্যমে, এই বাজেট আগামী প্রজন্মের জন্য একটি স্বাস্থ্যকর এবং নিরাপদ ভবিষ্যৎ গড়ে তোলার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

অ্যাসেম্বলি মেম্বার Steve Otis (স্টিভ ওটিস) বলেন, "চলতি বছরের গৃহীত স্টেট বাজেটের অন্যতম প্রধান আকর্ষণ হলো অনলাইনে শিশুদের সুরক্ষা বাড়াতে একগুচ্ছ নতুন পদক্ষেপের অন্তর্ভুক্তি। ডিফল্টভাবে গোপনীয়তা নিশ্চিত করা, উন্নত প্যারেন্টাল কন্ট্রোল এবং চ্যাটবট সুরক্ষার মতো নতুন এই বিধানগুলো সাম্প্রতিক বছরগুলোতে আমাদের নেওয়া নিরাপত্তা পদক্ষেপগুলোকে আরো শক্তিশালী করবে। অনলাইনের এই ক্রমাগত পরিবর্তনশীল এবং উদ্বেগজনক প্রযুক্তিগত পরিবেশে শিশুদের সুরক্ষিত রাখাকে গভর্নর Hochul (হোকল) ও তার দল অন্যতম প্রধান অগ্রাধিকার হিসেবে বিবেচনা করেছেন। অনলাইন এবং প্রযুক্তিগত হুমকি থেকে শিশুদের রক্ষা করার ক্ষেত্রে নিউ ইয়র্ক বরাবরের মতোই জাতীয়ভাবে নেতৃত্বের ভূমিকা ধরে রেখেছে।"

অ্যাসেম্বলি মেম্বার Jo Anne Simon (জো অ্যানি সাইমন) বলেন, "আমি প্রতিদিন যে সমস্ত প্রধান উদ্বেগের কথা শুনি, তার মধ্যে একটি হলো তরুণরা মানসিক স্বাস্থ্য সংকটে ভুগছে। তরুণদের মানসিক সমস্যা সমাধানের জন্য, আমরা টিন মেন্টাল হেলথ ফার্স্ট এইডের মতো পরিষেবাগুলোতে বড় ধরনের বাজেট বিনিয়োগ করেছি এবং অনলাইন হুমকি থেকে সুরক্ষা ব্যবস্থাকে আরো জোরদার করেছি। আমি গভর্নরের প্রতি তার অসাধারণ নেতৃত্বের জন্য কৃতজ্ঞ, যাতে প্রত্যেক তরুণ-তরুণী জীবনের প্রতিটি ক্ষেত্রে এগিয়ে যেতে পারে।"

অ্যাসেম্বলি মেম্বার Nily Rozic (নিলি রোজিক) বলেন, "আইনপ্রণেতা, পিতামাতা এবং কমিউনিটি হিসেবে আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্বগুলোর একটি হলো অনলাইনে তরুণ প্রজন্মকে সুরক্ষিত রাখা। এই বছরের বাজেটে এই যুগান্তকারী বিনিয়োগগুলো শিশুদেরকে শিকারীসুলভ আচরণ এবং ক্ষতিকারক অনলাইন কন্টেন্ট থেকে নিরাপদ রাখতে সাহায্য করবে, একই সাথে, এটি পরিবারগুলোকে তাদের সন্তানদের অনলাইন গোপনীয়তা ও নিরাপত্তা রক্ষার জন্য আরো শক্তিশালী হাতিয়ার দেবে। নিউ ইয়র্কজুড়ে শিশুদের জন্য একটি নিরাপদ অনলাইন

পরিবেশ তৈরি করতে এবং আমাদের তরুণদের কল্যাণকে সবার আগে প্রাধান্য দেয় এমন নীতিমালা এগিয়ে নিতে গভর্নর Hochul (হোকল) ও আমার আইনসভা অংশীদারদের সাথে যুক্ত হতে পেরে আমি গর্বিত।"

লক্ষ লক্ষ কিশোর-কিশোরীদের জন্য মানসিক স্বাস্থ্য প্রশিক্ষণ সম্প্রসারণ করা হচ্ছে
গভর্নর Hochul (হোকল)-এর বিনিয়োগ পুরো নিউ ইয়র্ক স্টেট জুড়ে সকল দশম গ্রেডের শিক্ষার্থীদের জন্য 'টিন মেন্টাল হেলথ ফার্স্ট এইড' প্রশিক্ষণ উপলভ্য করবে। নিউ ইয়র্ক বার্ষিক 180,000-এরও বেশি শিক্ষার্থীর জন্য প্রশিক্ষণের সুযোগ নিশ্চিত করার প্রতিশ্রুতি পর্যায়ক্রমে বাস্তবায়ন করবে; যার ফলে সময়ের ব্যবধানে অধিকাংশ হাইস্কুল শিক্ষার্থী নিজেদের এবং একে অপরকে সহায়তা করার মতো মৌলিক দক্ষতা অর্জন করতে পারবে।

কিশোর-কিশোরীরা যখন মানসিক স্বাস্থ্য এবং মাদকদ্রব্যের ব্যবহারের চ্যালেঞ্জের সম্মুখীন হয়, তখন তারা প্রায়শই তাদের সহপাঠী বা বন্ধুদের সাথেই প্রথম কথা বলে। একইভাবে, সহপাঠীদের ওপর প্রভাব ফেলতে পারে এমন মানসিক চাপগুলো চিহ্নিত করতে এবং তাদের প্রতি সহানুভূতি প্রকাশ করতে বন্ধুরাই প্রায়শই সবচেয়ে উপযুক্ত অবস্থানে থাকে। গবেষণায় দেখা গেছে যে, সঠিক প্রশিক্ষণের মাধ্যমে তরুণরা মানসিক স্বাস্থ্যের চ্যালেঞ্জগুলো শনাক্ত করতে এবং কার্যকরভাবে সেগুলোর মোকাবিলা করতে সক্ষম, যা জীবনযাত্রার মান উন্নত করতে এমনকি জীবন বাঁচাতেও সাহায্য করতে পারে।

এই প্রশিক্ষণটি 15 থেকে 18 বছর বয়সী কিশোর-কিশোরীদের জন্য তৈরি করা হয়েছে, যাতে তারা তাদের বন্ধু ও সমবয়সীদের মধ্যে মানসিক স্বাস্থ্য এবং মাদকদ্রব্যের ব্যবহারজনিত সমস্যার লক্ষণগুলো শনাক্ত করতে, বুঝতে এবং সে অনুযায়ী পদক্ষেপ নিতে পারে। এটি তাদের মানসিক স্বাস্থ্য এবং মাদক ব্যবহারের চ্যালেঞ্জগুলোর সাধারণ লক্ষণ ও উপসর্গগুলো চিনতে; মানসিক স্বাস্থ্যের ওপর বুলিং এবং স্কুল সহিংসতার প্রভাব বুঝতে; সহপাঠীদের সাথে মানসিক স্বাস্থ্য নিয়ে অর্থবহ আলোচনা করতে বা কোনো প্রাপ্তবয়স্কের সাহায্য চাইতে; এবং আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সহায়তা এবং নিজের যত্ন নেওয়ার দক্ষতা অর্জন করতে সাহায্য করে।

এই বিনিয়োগের অংশ হিসেবে, স্টেট সরকার সেইসব প্রাপ্তবয়স্কদের জন্য 'ইউথ মেন্টাল হেলথ ফার্স্ট এইড' (Youth Mental Health First Aid) প্রশিক্ষণের ব্যবস্থা করবে যারা নিয়মিত স্কুল এবং সামাজিক বিভিন্ন কর্মসূচিতে তরুণদের সাথে মেলামেশা করেন। এই জাতীয়ভাবে স্বীকৃত পাঠ্যক্রমটি তরুণদের সাধারণ মানসিক স্বাস্থ্যগত চ্যালেঞ্জগুলোর সাথে পরিচয় করিয়ে দেয়, কিশোর-কিশোরীদের স্বাভাবিক বিকাশের বিষয়গুলো পর্যালোচনা করে এবং সংকটকালীন ও সাধারণ—উভয় পরিস্থিতিতেই তরুণদের সাহায্য করার জন্য একটি 5-ধাপের কর্মপরিকল্পনা শেখায়।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH) কমিশনার Dr. Ann Sullivan (ড. অ্যান সুলিভান) বলেন, "মানসিক স্বাস্থ্য সমস্যা নিয়ে তরুণদের সাথে আমাদের আলোচনায় একটি বিষয় স্পষ্টভাবে ফুটে উঠেছে—তরুণরা যখন কোনো সংকটে পড়ে, তখন তারা তাদের সমবয়সীদের কাছেই সাহায্যের জন্য ছুটে যায়। টিন মেন্টাল হেলথ ফার্স্ট এইড (Teen Mental Health First Aid) তরুণ নিউ ইয়র্কবাসীদের তাদের সহপাঠী এবং

বন্ধুদের সাথে মানসিক স্বাস্থ্য সমস্যা নিয়ে কথা বলতে সাহায্য করে এবং প্রয়োজনে কীভাবে সাহায্য পেতে হয় সে সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান প্রদান করে। এই কর্মসূচিটি সম্প্রসারিত করার মাধ্যমে, গভর্নর Hochul (হোকল) যুবকদের মানসিক স্বাস্থ্যের উন্নতি এবং আমাদের তরুণদের এমন দক্ষতা প্রদানের প্রতি তার অবিচল অঙ্গীকার অব্যাহত রাখছেন, যা বর্তমান সময়ের চ্যালেঞ্জগুলোর মাঝেও তাদের জীবনধারণ ও সফল হতে সাহায্য করবে।"

ন্যাশনাল কাউন্সিল ফর মেন্টাল ওয়েলবিং-এর প্রেসিডেন্ট এবং CEO Chuck Ingoglia (চাক ইঙ্গোগলিয়া) এবং মেন্টাল হেলথ ফার্স্ট এইড ট্রামাইনের ভাইস প্রেসিডেন্ট EL-Amin (ইল-আমিন) বলেন, "এই ঘোষণাটি যুব মানস স্বাস্থ্যের ক্ষেত্রে একটি ঐতিহাসিক এবং রূপান্তরমূলক বিনিয়োগের প্রতিফলন। নিউ ইয়র্কের শিক্ষার্থীদের মানসিক সুস্থতার প্রতি গভর্নর Hochul (হোকল)-এর সাহসী নেতৃত্ব এবং অটল অঙ্গীকারের জন্য আমরা তার কাছে গভীরভাবে কৃতজ্ঞ। সারা স্টেট ব্যাপী দশম শ্রেণীর সকল শিক্ষার্থীদের কাছে 'টিন মেন্টাল হেলথ ফার্স্ট এইড' পৌঁছে দেওয়ার মাধ্যমে নিউ ইয়র্ক একটি শক্তিশালী জাতীয় মানদণ্ড স্থাপন করছে — যা মানসিক স্বাস্থ্য নিয়ে আলোচনাকে স্বাভাবিক করছে, সামাজিক কুসংস্কার বা জড়তা কমিয়ে আনছে এবং একটি পুরো প্রজন্মকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সম্ভাব্য জীবনরক্ষাকারী দক্ষতা দিয়ে গড়ে তুলছে। ন্যাশনাল কাউন্সিল এই প্রচেষ্টায় অংশীদার হতে পেরে গর্বিত এবং এই যুগান্তকারী উদ্যোগটি এগিয়ে যাওয়ার সাথে সাথে স্কুল, শিক্ষাবিদ, অভিভাবক এবং কমিউনিটির সমর্থনে সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ।"

এছাড়াও, স্টেট জুড়ে যুবসমাজ এবং তরুণদের মানসিক স্বাস্থ্য সংশ্লিষ্ট অবকাঠামো শক্তিশালী করতে, মাদকাসক্তি প্রতিরোধে এবং নিরাময় সংক্রান্ত রিসোর্স সম্প্রসারণের লক্ষ্যে নিউ ইয়র্ক স্টেট একটি জোরালো উদ্যোগের প্যাকেজ চালু করবে।

- **স্কেলিং ইয়ুথ সেফ স্পেসেস:** অফিস অব মেন্টাল হেলথ (The Office of Mental Health, OMH) আরো দুইটি কমিউনিটি সংস্থাকে অন্তর্ভুক্ত করে তাদের ইয়ুথ সেফ স্পেসেস (Youth Safe Spaces) কার্যক্রমের পরিধি বাড়াবে, এই সংস্থাগুলো এমন একটি ক্লিনিক্যাল বহির্ভূত, সহায়ক এবং পক্ষপাতহীন পরিবেশ তৈরি করবে যেখানে কিশোর-কিশোরীরা সুস্বাস্থ্য ও ভালো থাকার বিভিন্ন উপায় খুঁজে পাবে এবং নিজেদের সহপাঠীদের সাথে ইতিবাচক সম্পর্ক গড়ে তুলতে পারবে।
- **মানসিক স্বাস্থ্যের জন্য বর্ধিত সহায়তা প্রদানকারী স্কুলগুলোর স্বীকৃতি:** একটি নতুন "মানসিক স্বাস্থ্য সুরক্ষায় অনন্য দূরদর্শিতা সম্পন্ন স্কুলসমূহ (Schools of Distinction in Supporting Strong Mental Health)" বিষয়ক স্বীকৃতি ব্যবস্থা চালু করা হবে। সংকট প্রতিরোধ, সামাজিক জড়তা হ্রাস এবং মানসিক স্বাস্থ্য পরীক্ষার ক্ষেত্রে উচ্চ মানদণ্ড পূরণকারী স্কুলগুলোকে এই অ্যাওয়ার্ডের মাধ্যমে স্বীকৃতি, পুরস্কার এবং আর্থিক প্রণোদনা প্রদান করা হবে।
- **তরুণদের-নেতৃত্বে মাদক ব্যবহার প্রতিরোধে সিম্পোজিয়াম আয়োজন:** অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্ট (The Office of Addiction Services and Support, OASAS) শিক্ষার্থীদের জন্য সহপাঠীদের দ্বারা পরিচালিত একটি সিম্পোজিয়ামের আয়োজন করবে যেখানে তারা সহপাঠীদের কাছ থেকেই মাদক ব্যবহারের ভয়াবহতা এবং মানসিক স্বাস্থ্য সুরক্ষার উপায় সম্পর্কে জানতে পারবে। এর

পাশাপাশি যুব-কেন্দ্রিক সামাজিক যোগাযোগ মাধ্যম এবং ডিজিটাল মিডিয়ামূলক প্রচারণাও চালানো হবে।

- **শিশুসেবায় নিয়োজিত চিকিৎসকদের জন্য প্রমাণ্য-ভিত্তিক প্রশিক্ষণ ব্যবস্থার সম্প্রসারণ:** গভর্নর Hochul (হোকল) OMH-কে একটি 10-বছর মেয়াদী প্রশিক্ষণের রোডম্যাপ প্রকাশের নির্দেশ দেবেন যা নিশ্চিত করবে যে প্রতিষ্ঠানে কর্মরত শিশুসেবায় নিয়োজিত সকল চিকিৎসক প্রমাণ্য-ভিত্তিক অনুশীলনে সম্পূর্ণভাবে প্রশিক্ষিত এবং এর মাধ্যমে নিউ ইয়র্ককে যুব মানসিক স্বাস্থ্যসেবায় জাতীয় নেতৃত্বদানকারী হিসেবে প্রতিষ্ঠা করা হবে।
- **নিরাময় সংক্রান্ত সহায়তার জন্য 15টি নতুন ইয়ুথ ক্লাবহাউস খোলা:** কমিউনিটি-ভিত্তিক নিরাময় এবং জীবনমুখী দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ জোরদার করতে, OASAS বিদ্যমান রিকভারি কমিউনিটি অ্যান্ড আউটরিচ সেন্টার (Recovery Community and Outreach Centers)-গুলোর সাথে যৌথভাবে 15টি নতুন ইয়ুথ ক্লাবহাউস খুলবে, এই উদ্যোগের ক্ষেত্রে প্রধানত সুবিধাবঞ্চিত কাউন্টিগুলোর ওপর বিশেষ নজর দেওয়া হবে।
- **LGBTQ+ যুবকদের জন্য সহায়তা জোরদার:** বিশেষায়িত জরুরি পরিষেবাগুলোর ওপর ফেডারেল সরকারের আঘাত প্রতিহত করতে, OMH একটি জাতীয় ক্রাইসিস সেন্টারের সাথে অংশীদারিত্ব করবে যার উদ্দেশ্য হলো LGBTQ+ যুবকদের বিশেষায়িত ক্রাইসিস কাউন্সিলিং প্রদান করা এবং LGBTQ+ যুবকদের নির্দিষ্ট উদ্বেগগুলো সামলানোর জন্য শত শত স্থানীয় 988 ক্রাইসিস কাউন্সিলরকে প্রশিক্ষণ দেওয়া।
- **আদিবাসী তরুণদের জন্য মানসিক স্বাস্থ্য সহায়তা বৃদ্ধি:** আদিবাসী মানসিক সুস্থতা বিষয়ক পাইলট কর্মসূচি (Indigenous Mental Wellbeing Pilot Program)-এর ওপর ভিত্তি করে, আদিবাসী-অধ্যুষিত স্কুল ডিস্ট্রিক্টগুলোতে ট্র্যানজিশনাল সাপোর্ট ওয়ার্কার এবং পিয়ার অ্যাডভোকেটদের সংখ্যা বাড়াতে স্টেট সরকার উপজাতীয় জাতিগুলোর সাথে অংশীদারিত্ব করবে। উপরন্তু, স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্যের ওপর ক্যারিয়ার গড়তে আগ্রহী স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY)-এর শিক্ষার্থীদের সহায়তা করার জন্য একটি নতুন ইন্ডিজেনাস স্কুল মেন্টাল হেলথ ওয়ার্কফোর্স সেন্টার প্রতিষ্ঠা করা হবে।

যুব মানসিক স্বাস্থ্যে গভর্নর Hochul (হোকল)-এর বিনিয়োগ

এই বিনিয়োগগুলো স্টেট ব্যাপী তরুণদের মানসিক স্বাস্থ্য সংকট মোকাবিলা এবং শিশুদের অনলাইন নিরাপত্তা বজায় রাখতে গভর্নর Hochul (হোকল)-এর চলমান প্রচেষ্টাকে আরো শক্তিশালী করবে। এই কাজটি শিশুদের জন্য একটি নিরাপদ অনলাইন বিশ্ব নিশ্চিত করতে নিউ ইয়র্ককে একটি বিশ্বব্যাপী নেতা হিসেবে প্রতিষ্ঠিত করেছে। উদ্যোগগুলোর মধ্যে রয়েছে:

- সেফ ফর কিডস অ্যাক্ট (SAFE for Kids Act), যা শিশুদের জন্য সোশ্যাল মিডিয়ার আসক্তিমূলক ফিচারগুলোকে সীমাবদ্ধ করে।
- চাইল্ড ডাটা প্রোটেকশন অ্যাক্ট (Child Data Protection Act), যা অনলাইন অপারেটরদের শিশুদের অনুমতি ছাড়া তাদের তথ্য সংগ্রহ এবং তা থেকে অর্থ উপার্জন করাকে নিষিদ্ধ করে।

- এআই কম্প্যানিয়ন লেজিসলেশন (AI Companion legislation), যা দেশে প্রথমবারের মতো সুরক্ষামূলক ব্যবস্থা নির্ধারণ করেছে; এটি ব্যবহারকারীর আত্মক্ষতিমূলক কথোপকথনগুলোকে মানসিক স্বাস্থ্য সহায়তার দিকে চালিত করে এবং অস্বাস্থ্যকর আসক্তিমূলক আচরণগুলো বন্ধ করে। গভর্নর এআই-জেনারেটেড (AI-Generated) শিশুদের যৌন নির্যাতনমূলক সামগ্রীকেও বেআইনি ঘোষণা করেছেন।
- দ্য আনপ্লাগ অ্যান্ড প্লে এজেন্ডা (Unplug and Play Agenda), সামাজিক অবকাঠামো, খেলার মাঠ, কমিউনিটি সেন্টার এবং পুলের মতো ভৌত স্থাপনা এবং বিস্তৃত যুব কর্মসূচিতে অর্থায়নের মাধ্যমে স্বাস্থ্যকর সামাজিকীকরণ এবং শিশু বিকাশে সহায়তা করে।
- নিউ ইয়র্কের ডিস্ট্রাকশন ফ্রি লার্নিং (New York's Distraction Free Learning Policy) পলিসি যার অধীনে স্টেট ব্যাপী K-12 স্কুলগুলোতে ক্লাস চলাকালীন পুরো সময় স্মার্টফোন ব্যবহারে সম্পূর্ণ নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে; এর ফলে ইতোমধ্যেই শিক্ষার্থীদের শিক্ষাগত সাফল্য বৃদ্ধি পাচ্ছে, মানসিক ও শারীরিক সুস্থতার উন্নতি ঘটছে এবং একটি নিরাপদ স্কুল পরিবেশ তৈরি হচ্ছে।
- সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলোর প্ল্যাটফর্ম মানসিক স্বাস্থ্যের ওপর যে সম্ভাব্য প্রভাব ফেলতে পারে, সে বিষয়ে সতর্কবার্তা (Warning Labels bill) প্রচার বাধ্যতামূলক করতে একটি 'সতর্কীকরণ লেবেল' বিল আনা হচ্ছে।

গভর্নর Hochul (হোকল)-এর জাতি-নেতৃত্বাধীন 1 বিলিয়ন মার্কিন ডলারের মানসিক স্বাস্থ্য উদ্যোগ এবং পরবর্তী বাজেটগুলোতে কোটি কোটি ডলারের অর্থায়ন তরুণ সমাজ এবং তাদের পরিবারের জন্য চিকিৎসার সুযোগ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করছে – যা ইনপেশেন্ট (হাসপাতালে ভর্তি) এবং আবাসিক চিকিৎসার সক্ষমতা বাড়ানো থেকে শুরু করে তরুণদের নিজ বাড়িতে এবং নিজ কমিউনিটির মধ্যে থাকতে সাহায্য করার জন্য তৈরি করা বিভিন্ন কমিউনিটি-ভিত্তিক পরিষেবা পর্যন্ত বিস্তৃত।

- গভর্নর Hochul (হোকল) এছাড়াও স্কুলভিত্তিক মেন্টাল হেলথ ক্লিনিক বাড়িয়েছেন, যা স্টুডেন্টদেরকে একটি পরিচিত স্টিগমামুক্ত সেটিংয়ে তাদের স্কুল ক্যাম্পাসে একজন লাইসেন্সপ্রাপ্ত মেন্টাল হেলথ কেয়ার প্রোভাইডার পেতে সাহায্য করে। এই স্টেট এখন 1,300টিরও বেশি ক্লিনিক স্যাটেলাইটকে সমর্থন করে, যা 2020 সালের 872টি থেকে বৃদ্ধি পেয়েছে এবং NYS-এর সমস্ত সরকারি স্কুলের প্রায় 25 শতাংশকে এর আওতায় নিয়ে এসেছে।
- গভর্নর Hochul (হোকল)-এর যুব মানসিক স্বাস্থ্যের ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার ফলে নতুন 'ইয়ুথ অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট' (Youth Assertive Community Treatment, Youth ACT) টিম গঠিত হয়েছে। এই টিমগুলো সেইসব তরুণদের সহায়তা করবে যারা গুরুতর মানসিক সমস্যায় ভুগছে এবং উচ্চ-তীব্রতার সেবা (যেমন হাসপাতালে ভর্তি থাকা বা আবাসিক সেবা) গ্রহণ করে বাড়িতে ফিরছে অথবা এ ধরনের সেবার প্রয়োজন হওয়ার ঝুঁকিতে রয়েছে। নিউ ইয়র্ক 43টি নতুন ইয়ুথ অ্যাক্ট টিম গঠন করার তহবিল প্রদান করেছে — যার মধ্যে 23টি এখন 35টি কাউন্টিতে সক্রিয়ভাবে কাজ করছে। এই

টিমগুলো তরুণ এবং তাদের পরিবারের জন্য থেরাপি, ওষুধ ব্যবস্থাপনা, পরিবার ও সহকর্মীদের সহায়তা এবং দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান করছে।

- বর্তমানে 66টি হোম-ভিত্তিক ক্রাইসিস ইন্টারভেনশন টিম (HBCI) রেফারেল গ্রহণ করছে—এই টিমগুলো 5 থেকে 20 বছর বয়সী তরুণদের সেবা প্রদান করে। পরিবারগুলো যাতে মানসিকভাবে অসুস্থ তরুণদের নিজ বাড়িতেই সুস্থ হয়ে উঠতে সহায়তা করতে পারে, সেজন্য এই টিমগুলো নিবিড় এবং ব্যক্তিগত পর্যায়ে বিশেষ সেবা প্রদান করে থাকে। আরো আটটি দল গঠনের কাজ চলছে, যার মধ্যে ছয়টি দল মেধা ও বিকাশজনিত প্রতিবন্ধী তরুণদের জন্য কাজ করবে।
- গভর্নর Hochul (হোকল) ইয়ুথ মেন্টাল হেলথ অ্যাডভাইজরি বোর্ড গঠন করেছেন; এটি 30 সদস্যের একটি উপদেষ্টা বোর্ড যেখানে 11 থেকে 17 বছর বয়সী তরুণরা অন্তর্ভুক্ত রয়েছে। উপদেষ্টা মণ্ডলী ত্রৈমাসিকভিত্তিতে সভায় মিলিত হয় এবং এটি এমনভাবে তৈরি করা হয়েছে যাতে আচরণগত স্বাস্থ্য কর্মসূচি ও নীতিমালা প্রণয়নে তরুণদের মতামত-ভিত্তিক সর্বোত্তম পদ্ধতিগুলোর প্রতিফলন নিশ্চিত করা যায়।
- এছাড়াও, গভর্নর Hochul (হোকল) ইয়ুথ সেফ স্পেসেস কার্যক্রমের সম্প্রসারণ করেছেন যা গভর্নরের ইয়ুথ মেন্টাল হেলথ অ্যাডভাইজরি বোর্ড (Youth Mental Health Advisory Board)-এর পরামর্শ ও মতামতের ভিত্তিতে তৈরি একটি উদ্যোগ। এই কর্মসূচিগুলো 12 থেকে 24 বছর বয়সী তরুণদের জন্য আচরণগত স্বাস্থ্য এবং সুস্থতার সংস্থান পাওয়ার, সমবয়সীদের সাথে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার এবং একটি আরামদায়ক পরিবেশে সহায়তা লাভের সুযোগ করে দেয়। এই ধরনের সাতটি কর্মসূচিতে বর্তমানে অর্থায়ন করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন